

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪২৮
আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৫

রাণীরবাজারে দু'দিনব্যাপী পিঠে-পুলি উৎসবের সূচনা

রাজ্যের মানুষের স্বপ্ন পূরণের মধ্য দিয়েই এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠন সম্ভব। দলমত নির্বিশেষে সকল মানুষের জন্য দায়বদ্ধ থেকে কাজ করলে সরকারের প্রতি মানুষের আস্থা ও বিশ্বাস সুদৃঢ় হবে। আজ রাণীরবাজার পুর পরিষদের তৃতীয় বর্ষপূর্তি উপলক্ষে গীতাঞ্জলী টাউনহল প্রাঙ্গণে দু'দিনব্যাপী আয়োজিত পিঠে-পুলি উৎসব এবং পুষ্প প্রদর্শনী ও প্রতিযোগিতার উদ্বোধন করে একথা বলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। অনুষ্ঠানে বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে ক্রয় করা দুটি অ্যাঙ্কুলেন্সেরও তিনি পতাকা নেড়ে যাত্রা শুরু করান।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, রাণীরবাজার পুর পরিষদ সাফল্যের সাথে এই তিনবছর কাজ করে গেছে। আগামীদিনে তিনি পুর পরিষদের সকলকে জনগণের সাথে যোগাযোগ রেখে তাদের চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে উন্নয়ন ও অগ্রগতির কাজ করার আহ্বান জানান। সরকারি সকল সুযোগ সুবিধা যেন এলাকার সঠিক ব্যক্তি বা পরিবার পায় সেদিকে নজর রাখার জন্য তিনি পরামর্শ দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, রাণীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুল্ক দাস, ভাইস চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন দাস, বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ। পিঠে-পুলি উৎসব উপলক্ষে গীতাঞ্জলী টাউনহলে আয়োজিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।
